গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বাজেট ও উন্নয়ন অনুবিভাগ
বাজেট শাখা
www.lawjusticediv.gov.bd

স্মারক নং-১০.০০.০০০০.১২৬.২০.০৮৬.২২.১৪৮৮/১

তারিখঃ ০৪ শ্রাবণ ১৪৩৩
১৯ জুলাই ২০২৬

প্রেরকঃ মোঃ মাইনুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব (বাজেট-২)

প্রাপক ঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
কক্ষ নং- ৫০৩, ৫ম তলা, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা ।

**বিষয়ঃ চলতি ২০২৬-২৭ অর্থবছরে প্রশাসনিক ট্রাইব্যুনালসমূহে আউটসোর্সিং খাতে অর্থ বরাদ্দ।**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে চলতি ২০২৬-২৭ অর্থবছরে আইন ও বিচার বিভাগ এর ''১২১০৫০৮০০০০০০-প্রশাসনিক ট্রাইব্যুনালসমূহ'' কোডের অধীন "৩২১১১৩১-আউটসোর্সিং" খাতে (পণ্য ও সেবা খাত) চাহিদাপত্রের প্রেক্ষিতে আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবাগ্রহণ নীতিমালা, ২০২৫ এর আলোকে উল্লিখিত সেবা মূল্য পরিশোধ করার জন্য ছকে বর্ণিত বিভাজন অনুযায়ী শর্ত প্রতিপালন সাপেক্ষে অর্থ ছাড় করণের সম্মতি জ্ঞাপন করা হলো।

শর্তাবলী ঃ

(ক) সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ অনুসরণ করতে হবে;

(খ) আউটসোর্সিং প্রক্রিয়ায় সেবা প্রদানকারীর সেবামূল্য সেবা প্রদানকারীর নিজ নামীয় ব্যাংক হিসেবে সেবা ক্রয়কারী কর্তৃক প্রদেয় হবে;

(গ) জনপ্রতি সেবামূল্য নির্ধারণের ক্ষেত্রে অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা-৩ এর স্মারক নং-০৭.০০.০০০০.০০০.১৫৩.৯৯.০০০১.২১.১৭৮, তারিখঃ ১৫/০৪/২০২৫ খ্রিঃ এর পরিপত্র অনুসরণ করতে হবে;

(ঘ) অর্থ বিভাগের ব্যয় ব্যবস্থাপনা অনুবিভাগের সম্মতিপত্র ব্যতিত কোন ধরণের আউটসোর্সিং সেবা গ্রহণ করা যাবে না;

(ঙ) হালনাগাদ চুক্তিপত্র ব্যতিত কোনো ধরণের সেবা মূল্য পরিশোধ করা যাবে না;

(চ) আউটসোর্সিং সেবা গ্রহণ নীতিমালা, ২০২৫ এর অধীন নির্ধারিত সেবাসমূহ ক্রয়ের ক্ষেত্রে এ বিভাগের সম্মতি থাকতে হবে;

(ছ) সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের প্রাপ্য সার্ভিস চার্জ বা কমিশন থেকে আয়কর কর্তন করতে হবে, উক্ত আয়কর সেবা গ্রহণকারী কর্তৃপক্ষ প্রদান করবে না;

(জ) বর্তমান বরাদ্দ হতে চলতি অর্থবছরের জন্য অর্থ ব্যয় করতে হবে। পূর্বের অর্থবছরের বকেয়া পরিশোধের ক্ষেত্রে এ বিভাগের পূর্বানুমোদন গ্রহণ করতে হবে;

(ঝ) অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০ জুন/২০২৭ তারিখের মধ্যে সমর্পণ আদেশ জারিপূর্বক এ বিভাগকে অবহিত করতে হবে।

*(ঞ) সম্পাদিত চুক্তিপত্রের বাইরে অন্যকোন অতিরিক্ত আর্থিক সুবিধা প্রদান করা যাবে না।*

*(ট) বিগত বছরের সম্পাদিত চুক্তিপত্রের আলোকে এবং এ বিভাগ হতে বরাদ্দকৃত বাজেটের ঘাটতি থাকলে স্বয়ংসম্পূর্ণ ব্যাখ্যা প্রদান করে বকেয়া দাবি করা যাবে (যদি থাকে)।*

*(ঠ) বরাদ্দকৃত অর্থ আউটসোর্সিং কর্মচারীদের সেবামূল্য অপেক্ষা অপ্রতুল হলে সেক্ষেত্রে বকেয়া অর্থের জন্য বিস্তারিত বিবরণ উল্লেখপূর্বক পত্র প্রাপ্তির ১৫ (পনেরো) কর্ম দিবসের মধ্যে এ বিভাগকে অবহিত করতে হবে।*

## প্রশাসনিক ট্রাইব্যুনাল

| ক্র. নং | আদালত/ ট্রাইব্যুনালের নাম | পদের নাম | পদ সংখ্যা | বাৎসরিক সেবামূল্য (১মাস x ১২ মাস) | সেবামূল্যের ৫০% করে বছরে ২টি উৎসব প্রণোদনা ভাতা | সেবামূল্যের ২০% করে বছরে ১টি নববর্ষ প্রণোদনা ভাতা | প্রতিষ্ঠানের সার্ভিস চার্জ (৫%-১০%) | প্রদেয় ভ্যাট ১৫% | পোশাক ভাতা (প্রতি অর্থবছরে ০২টি) | বাৎসরিক মোট সেবামূল্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | খুলনা | নিরাপত্তা প্রহরী | ০১ | ১৭,১৭৫ x ১২ মাস= ২,০৬,১০০ | ১৭,১৭৫ | ৩,৪৩৫ | ২২,৬৭১ (১০% হারে) | ৩৭,৪০৭ | ৫,০০০ | ২,৯১,৭৮৮ |
| | | পরিচ্ছন্নতাকর্মী | ০১ | ১৭,১৭৫ x ১২ মাস= ২,০৬,১০০ | ১৭,১৭৫ | ৩,৪৩৫ | ২২,৬৭১ (১০% হারে) | ৩৭,৪০৭ | ৫,০০০ | ২,৯১,৭৮৮ |
| ২. | ঢাকা-০১ | নিরাপত্তা প্রহরী | ০১ | ১৮,১৮০ x ১২ মাস= ২,১৮,১৬০ | ১৮,১৮০ | ৩,৬৩৬ | ১৯,১৯৮ (৮% হারে) | ৩৮,৮৭৭ | ৫,০০০ | ৩,০৩,০৫১ |
| | | পরিচ্ছন্নতাকর্মী | ০১ | ১৮,১৮০ x ১২ মাস= ২,১৮,১৬০ | ১৮,১৮০ | ৩,৬৩৬ | ১৯,১৯৮ (৮% হারে) | ৩৮,৮৭৭ | ৫,০০০ | ৩,০৩,০৫১ |
| ৩. | চট্টগ্রাম | নিরাপত্তা প্রহরী | ০১ | ১৭,১৭৫ x ১২ মাস= ২,১৮,১৬০ | ১৭,১৭৫ | ৩,৪৩৫ | ১১,৩৩৬ (৫% হারে) | ৩৫,৭০৭ | ৫,০০০ | ২,৭৮,৭৫৩ |
| | | পরিচ্ছন্নতাকর্মী | ০১ | ১৭,১৭৫ x ১২ মাস= ২,১৮,১৬০ | ১৭,১৭৫ | ৩,৪৩৫ | ১১,৩৩৬ (৫% হারে) | ৩৫,৭০৭ | ৫,০০০ | ২,৭৮,৭৫৩ |
| | | | | | | | | | সর্বমোট= | ১৭,৪৭,১৮৪ |

স্বাঃ/

(মোঃ মাইনুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব (বাজেট-২)
ফোনঃ ৯৫৪৫৭৬৫ (অ)।
ইমেইল-lawjusticediv.budget@gmail.com

নং-১০.০০.০০০০.১২৬.২০.০৮৬.২২.১৪৮৮

তারিখঃ ১৯/০৭/২০২৬ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল ঃ

১। প্রশাসনিক ট্রাইব্যুনাল, ----------।
২। ডিভিশনাল কন্ট্রোলার অফ একাউন্টস, ------------- ।
৩। প্রোগ্রামার,আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৪। গার্ড কপি।
৫। অফিস কপি।

২০/৭/২০২৬

(মোঃ মাইনুল ইসলাম)
সিনিয়র সহকারী সচিব (বাজেট-২)